যুগান্তর

তারিখ 08 DEC 2017
পৃষ্ঠা ২ কলাম ৬

# উপবৃত্তি কমেছে ৭৩ শতাংশ

## শিশু বাজেট সেমিনারে তথ্য

যুগান্তর রিপোর্ট

প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিক পর্যন্ত উপবৃত্তি প্রদানের হার কমেছে ৭৩ শতাংশ। তবে এ সহায়তা পাওয়ার কারণে গ্রাম ও চরাঞ্চলে শিক্ষার হার বেড়েছে। বৃহস্পতিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে শিশু বাজেট ২০১৭-১৮ : প্রতিশ্রুতি ও উদ্বেগ শীর্ষক ধারণাপত্রে এ তথ্য তুলে ধরা হয়। সেখানে আরও বলা হয়, উপবৃত্তি বন্ধ করা হলে শিশুদের ঝরে পড়ার হার বেড়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। কারণ গ্রামের বেশিরভাগ শিশুই এ সহায়তায় বিদ্যালয়ে আসছে।

সেভ দ্য চিলড্রেনের পরিচালক লাইলা খন্দকারের সভাপতিত্বে ওই সেমিনারে প্রধান অতিথি ছিলেন অর্থ প্রতিমন্ত্রী এমএ মান্নান এবং বিশেষ অতিথি অর্থ সচিব মোহাম্মদ মুসলিম চৌধুরী। সেমিনারে ধারণাপত্র তুলে ধরেন সংস্থার উপ-পরিচালক মো. আশিক ইকবাল।

ধারণাপত্রে বলা হয়েছে, চলতি অর্থবছরে ৫৬ হাজার কোটি টাকার পৃথক শিশু বাজেট দেয়া হয়। বাজেটে স্বাস্থ্যসহ কয়েকটি খাতে বরাদ্দ বাড়লেও শিক্ষায় কমেছে। এতে আগামীতে শিশুদের বিদ্যালয়ে ধরে রাখা কঠিন হয়ে পড়বে।

সুপারিশে বলা হয়, বাজেটে স্বাস্থ্য খাতে বরাদ্দ বাড়ানোর ফলে সমাজের অনগ্রসর শিশুরা সবচেয়ে বেশি লাভবান হচ্ছে। শিশু বাজেটের এটাই সবচেয়ে বড় সফলতা। টেকসই উন্নয়ন লক্ষমাত্রা অর্জনে আগামী বাজেটে স্বাস্থ্য খাতে ২০ শতাংশ এবং শিক্ষা খাতে ২৫ শতাংশ বরাদ্দ বাড়ানো প্রয়োজন। পাশাপাশি শিশুদের জন্য বিনিয়োগে স্থানীয় সরকারকে আরও শক্তিশালী ভূমিকা পালন করতে হবে। সেখানে আরও বলা হয়, প্রাথমিক শিক্ষা খাতে বাজেট কমে যাওয়া গ্রহণযোগ্য নয়। তবে সামগ্রিক বাজেট বরাদ্দ বাস্তবায়নে মনিটরিং বাড়াতে হবে।

# মঠবাড়িয়া কলেজের ৯ শিক্ষককে এমপিওভুক্তির নির্দেশ

যুগান্তর রিপোর্ট

পিরোজপুর জেলার মঠবাড়িয়া মহিউদ্দিন আহমেদ মহিলা ডিগ্রি কলেজের ৯ শিক্ষককে এমপিওভুক্তির নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। বৃহস্পতিবার বিচারপতি মো. আশফাকুল ইসলাম ও বিচারপতি কেএম কামরুল কাদেরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট ডিভিশন বেঞ্চ এ রায় দেন। ওই কলেজের প্রভাষক প্রশান্ত কুমার মিত্র, মুহাম্মদ আবদুল কাইয়ুম, বদরুজ্জামান সরকারসহ ৯ জনের করা এক রিট আবেদনে এ রায় দেয়া হয়। রিট আবেদনকারী পক্ষে মামলাটি পরিচালনা করেন অ্যাডভোকেট মোহাম্মদ সিদ্দিক উল্যাহ মিয়া। অ্যাডভোকেট মোহাম্মদ ছিদ্দিক উল্যাহ মিয়া বলেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা অনুযায়ী দেয়া হয়।